দেশকে রক্ষায় সংলাপের আয়োজন করুন: ড. খন্দকার মোশাররফ

বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. খন্দকার মোশাররফ হোসেন বলেছেন, গুম-খুন-হত্যা-ধর্ষণ আজকে মহামারী আকার ধারণ করেছে। সমাজে মূল্যবোধের অবক্ষয় ঘটেছে, পচন ধরেছে। এই মহামারী থেকে দেশকে রক্ষা করতে হলে দেশে গণতন্ত্র ফিরিয়ে আনতে হবে, জনগণের সরকার প্রতিষ্ঠা করতে হবে। এসময়ে তিনি দেশকে রক্ষার জন্য রাষ্ট্রপতি মো. আব্দুল হামিদকে শিগগিরই সংলাপের উদ্যোগ নেওয়ার আহ্বান জানান।

শনিবার জাতীয় প্রেস ক্লাবে নাগরিক অধিকার আন্দোলন ফোরামের উদ্যোগে ‘গুম-হত্যা-ধর্ষণের মহামারীর কবলে বাংলাদেশ আতঙ্কিত নাগরিক জীবন ও সরকারের ভূমিকা’ শীর্ষক আলোচনা সভায় তিনি এসব কথা বলেন।

খন্দকার মোশাররফ বলেন, রাষ্ট্রপতি আওয়ামী লীগের হলেও সংবিধান অনুযায়ি তিনি নিরপেক্ষ। তারপরও হত্যা-ধর্ষণ থেকে দেশকে রক্ষা করতে সংলাপের উদ্যোগ নিতে পারেন।

সরকারের সমালোচনা করে ড. মোশাররফ বলেন, ঢাকা-চট্টগ্রামে জলাবদ্ধতা সৃষ্টি সরকারের উন্নয়নের জোয়ারের ফসল। দেশে ফ্লাইওভার ঠিকই হয়েছে কিন্তু লুটপাটের কারণে সঠিকভাবে হয়নি। এতে ফ্লাইওভারের নিচে গত ক’দিনে উন্নয়নের পানির জোয়ার সৃষ্টি হয়েছে। উন্নয়নের জোয়ারে ঢাকা-চট্টগ্রামের জলাবদ্ধতায় মানুষের ক্ষতি এবং দুর্ভোগ হয়েছে।

অর্থমন্ত্রীর সমালোচনা করে তিনি বলেন, অর্থমন্ত্রী আহম মুস্তফা কামাল দেশের ১০ জন ধনী ব্যক্তির মধ্যে একজন। কোনোদিন ধনী ব্যবসায়ীদেরকে কোনো দেশের অর্থমন্ত্রী বানানো হয় না। বাংলাদেশে এই প্রথম একজন ধনীক ব্যবসায়ী অর্থমন্ত্রী হয়েছেন। তিনি তো ব্যবসায়ীদেরই স্বার্থ দেখবেন, জনগণের স্বার্থ দেখবেন না।

সংগঠনের সিনিয়র সহসভাপতি মোজাম্মেল হক মিন্টুর সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক জাহাঙ্গীর আলমের পরিচালনায় আলোচনা সভায় বিএনপির ভাইস চেয়ারম্যান অ্যাডভোকেট আহমেদ আজম খান, নির্বাহী কমিটির সদস্য আবু নাসের মুহাম্মদ রহমাতুল্লাহ, বিলকিস ইসলাম, শাহ